“আরব ভূখণ্ডে মুসল্লীগণ শাইতানের (শয়তানের) উপাসনা করবে, এ বিষয়ে শাইতান (শয়তান) নিরাশ হয়ে পড়েছে। তবে তাদের একজনকে অন্যের বিরুদ্ধে উসকিয়ে দেয়ার ব্যাপারে নিরাশ হয়নি”।

জাবির রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, “আরব ভূখণ্ডে মুসল্লীগণ শাইতানের (শয়তানের) উপাসনা করবে, এ বিষয়ে শাইতান (শয়তান) নিরাশ হয়ে পড়েছে। তবে তাদের একজনকে অন্যের বিরুদ্ধে উসকিয়ে দেয়ার ব্যাপারে নিরাশ হয়নি”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, মুমিন মুসল্লিগণ জাযিরাতুল আরবে শয়তানের ইবাদত করবে এবং মূর্তিকে সাজদা করবে এই বিষয়ে সে নিরাশ হয়ে গেছে; তবে ঝগড়া, বিদ্বেষ, যুদ্ধ, ফিতনা প্রভৃতির মাধ্যমে তাদের মাঝে বিদ্বেষ উসকিয়ে দিতে সর্বদা তার প্রচেষ্টা, কর্ম, পরিশ্রম ও কষ্ট অব্যাহত রাখবে এবং লোলুপ থাকবে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/8886